গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন অধিশাখা

**টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত জুন/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৫ জুন ২০২৩/ ১১ আষাঢ় ১৪২৯ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

১) মে/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | মে/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২১/০৫/২০২৩ তারিখ রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত মে/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়।<br>উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

২) মে/২০২৩ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | এ মাসের সভায় আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | প্রকল্প পরিচালক দের অগ্রগতি প্রতিবেদন /মন্তব্য | ১। সুবিধাবঞ্চিত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ প্রকল্প: প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি জুন/২০২৩ মাসে সমাপ্তির মেয়াদ থাকলেও বিটিসিএল হতে এখনও দরপ্রস্তাব না পাওয়ার কারণে ইন্টারনেট সংযোগ দেয়ার বিষয়টি অনিশ্চিত হয়ে পড়েছে।<br>সিদ্ধান্ত: দ্রুততার সাথে চুক্তি সম্পাদন করে সংযোগের ব্যবস্থা করতে হবে।<br>বাস্তবায়নে: প্রকল্প পরিচালক<br>৩। সিডিআর ফেইজ-২ প্রকল্প: সভায় প্রকল্প পরিচালক প্রকল্পটি ‘ক’ শ্রেণিভুক্ত হওয়ার বিষয়টি অবগত করেন। তিনি আরো জানান যে, ইতোমধ্যে চুক্তি সম্পন্ন হওয়ায় LC খোলার জন্য দ্রুত অর্থ ছাড়ের প্রয়োজন।<br>সিদ্ধান্ত: প্রয়োজনীয় অর্থ ছাড়ের জন্য প্রকল্প পরিচালক পত্র দিবেন।<br>বাস্তবায়নে: প্রকল্প পরিচালক | ১। ২৫/০৬/২০২৩ খ্রি. তারিখের মধ্যে চুক্তি সম্পাদন করা সম্ভব হবে।<br>৩। প্রয়োজনীয় অর্থ ছাড় পাওয়া গেছে। সোনালী ব্যাংকে এলসি খোলা হয়েছে। | ১। আলোচনায় প্রকল্প থেকে জানানো হয় যে, সুবিধাবঞ্চিত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ প্রকল্পের সাইটে ইন্টারনেট সংযোগের বিষয়ে ইতোমধ্যে বিটিসিএলের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে।<br>৩। প্রকল্প পরিচালক জানান যে, সিটিডিআর ফেইজ-২ প্রকল্পটি ’বি’ ক্যাটাগরি থেকে ‘এ’ ক্যাটাগরিতে রুপান্তর করায় প্রকল্পের শতভাগ অর্থছাড় পাওয়া গেছে। ইতোমধ্যে প্রকল্প থেকে দু’টি এলসি খোলা হয়েছে। প্রকল্পটি যথাসময়ে সম্পন্ন করা হলে ডিওটি’র ফাংশনাল এই ইউনিটটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। |

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | এ মাসের সভায় আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ২ | ২০২২-২৩ অর্থবছরের সমাপ্ত কাজের/ সংগ্রহের বিল দাখিল | সভায় উপপরিচালক (অর্থ) অর্থ বিভাগের বাজেট অধিশাখা-২ কর্তৃক জারিকৃত "পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দাখিল সংক্রান্ত" পরিপত্রটি উপস্থাপন করেন। পরিপত্র মোতাবেক দ্রুত বিল দাখিলের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া নিরাপত্তা সেবা খাতে বরাদ্দ থাকলেও উক্ত খাতে কোনো খরচ হয়নি।<br>সিদ্ধান্ত: ১) অর্থ বিভাগের পরিপত্র মোতাবেক বিলসমূহ যথাসময়ের মধ্যে দাখিল করতে হবে।<br>২) জনস্বার্থে আনসার মোতায়েনের লক্ষ্যে আনসারদের বাসস্থানের জন্য টিটিসি'জ ঢাকাকে পত্র দিতে হবে। | ১) বিল প্রেরণের সময় বর্ধিত করা হয়েছে। সে মোতাবেক অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখা হতে বিল অর্থ শাখায় প্রেরণ করা হয়েছে। অর্থ শাখা হতে যথাসময়ে বিলসমূহ CAFO এর দপ্তরে প্রেরণ করা হয়েছে।<br><br>২) বিগত ২৯.০৫.২০২৩ খ্রি. তারিখে বিটিসিএলে পত্র প্রেরণ করা হয়েছে। | সভায় পরিচালক (অর্থ) জানান যে, অর্থ বিভাগের পরিপত্রের কারণে এবছর বিলসমূহ যথাসময়ে প্রেরণ করা সম্ভব হয়েছে।<br><br>সভায় টিটিসি'র কক্ষ ডিওটি'র অনুকূলে বরাদ্দের বিষয়ে মহাপরিচালক, ডিওটি জানান যে, এ বিষয়ে বিটিসিএলের ব্যবস্থাপনা পরিচালকের সাথে আলাপ হয়েছে। পুরো টিটিসি ক্যাম্পাস ডিওটি'র অনুকূলে বরাদ্দের বিষয়ে পত্র দেয়া হলে সেটা অনুমোদনের লক্ষ্যে তাদের পর্ষদ সভায় উপস্থাপন করা হবে।<br><br>সিদ্ধান্ত: জুলাই/২০২৩ মাসের প্রথম সপ্তাহের মধ্যে বিটিসিএলকে পত্র দিতে হবে।<br><br>বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) |
| ৩ | পদোন্নতি বিষয়ে হালনাগাদ তথ্য | পরিচালক (প্রশাসন) জানান যে, পরীক্ষার মাধ্যমে পদোন্নতি ক্ষেত্রে ৯টা পদের জন্য মোট ৯৯৬টি আবেদন জমা পড়েছে। অন্যদিকে পরীক্ষা ব্যতিত পদোন্নতির ক্ষেত্রে ৩টি ক্যাটাগরির জন্য প্রক্রিয়া শুরু করা হয়েছে। কনিষ্ট হিসাব রক্ষক থেকে উর্ধ্বতন হিসাব রক্ষক, টিসিটি থেকে উপসহকারী প্রকৌশলী, এবং গাড়ী চালক থেকে ভেহিকেল ইন্সপেক্টর এই পদগুলির প্রার্থীদের যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। উক্ত পদগুলির পদোন্নতি প্রদানের জন্য পদোন্নতি কমিটির সভা আগামী ৬ জুন ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠান করা হবে। | ৬ জুন ২০২৩ খ্রি. তারিখে ডিপিসি'র সভা অনুষ্ঠিত হয়েছে। | ১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার পত্র নং-০৫.০০.০০০০.১৭০.০৬.১৫.২২.১২৬, তারিখ: ২৩/০৫/২০২৩ খ্রি. জারীকৃত পরিপত্র অনুযায়ী পিএসসির একজন প্রতিনিধি অন্তর্ভূক্ত করে কমিটি পূণর্গঠন করা হয়েছে।<br><br>২। টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২২ মোতাবেক চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদ এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে নবম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।<br><br>সেই প্রেক্ষিতে কনিষ্ট হিসাব রক্ষক থেকে উর্ধ্বতন হিসাব রক্ষক এবং টিসিটি থেকে উপ-সহকারি প্রকৌশলী পদে পদোন্নতির বিষয়টি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাধ্যমে সরকারি কর্ম কমিশন এর নিকট প্রেরণ করা হচ্ছে।<br><br>সিদ্ধান্ত: সংশ্লিষ্ট পদোন্নতির প্রস্তাব জুলাই মাসের প্রথম সপ্তাহের মধ্যে প্রেরণ করতে হবে। |

৩) জুন/২০২৩ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | পদোন্নতি বিষয়ে হালনাগাদ তথ্য | টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের পদোন্নতি সংক্রান্ত আলোচনা। | সভায় পরিচালক (প্রশাসন) জানান যে, পদোন্নতির প্রক্রিয়া চলমান আছে। ইতোমধ্যে বিগত ৮/০৬/২০২৩ খ্রি., ১১/০৬/২০২৩ খ্রি. ও ১৭.০৬.২০২৩ খ্রি. তারিখে বিভিন্ন ক্যাটিগরিতে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আগামী ০৮.০৭.২০২৩ তারিখে আরো একটি ক্যাটিগরিতে পদোন্নতির জন্য পরীক্ষার দিন নির্ধারিত আছে।<br><br>এছাড়া পরিচালক (ইঞ্জি.) পদে পদোন্নতির বিষয়টিতে প্রক্রিয়া শুরু করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।<br>সিদ্ধান্ত: ১। সকল পরীক্ষা সুচারুভাবে সম্পন্ন করতে হবে।<br>২। পরিচালক (ইঞ্জি.) পর্যায়ে পদোন্নতির জন্য প্রস্তাব প্রণয়নের লক্ষ্যে তথ্য সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (নিয়োগ) |

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২ | শুদ্ধাচার পুরস্কার প্রদান | ২০২২-২৩ অর্থবছরে ডিওটি থেকে শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদেরকে ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান। | ২০২২-২৩ অর্থবছরে ডিওটি থেকে শুদ্ধাচার পুরস্কারের জন্য নিম্নলিখিত কর্মকর্তা/ কর্মচারীদের মনোনীত করা হয়-<br><br>১। গ্রেড-২ হতে গ্রেড-৯:<br>(ক) জনাব মোঃ আখলাকুল আউয়াল ভূইয়া, ডিডি (ফ্রিকোয়েন্সি মনিটরিং)<br>(খ) জনাব মোঃ মিজানুর রহমান, ডিডি (আইসিটি পরিকল্পনা)<br><br>২। গ্রেড-১০ হতে গ্রেড-১৬:<br>(ক) জনাব নন্দন কুমার সাহা, উর্ধ্বতন হিসাব রক্ষক (চ.দা.)<br>(খ) জনাব মোঃ হুমায়ুন কবির, নিম্নমান সহকারী<br><br>৩। গ্রেড-১৭ হতে গ্রেড-২০:<br>(ক) জনাব খোরশেদ আলম খাঁন, পুট আউটম্যান<br>(খ) জনাব মোঃ তাহের, লাইনম্যান।<br><br>মনোনীতদেরকে শুদ্ধাচার পুরস্কার হিসেবে ১(এক) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ ইতোমধ্যে প্রদান করা হয়েছে। সভায় ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়। | |
| ৩ | মে/২০২৩ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী<br>ছ) কর্মকর্তা-কর্মচারীগণের উচ্চতর গ্রেড/ সিলেকশন গ্রেড মঞ্জুরী বিষয়ক আবেদন। | ক) যোগদান ও পদস্থাপনের ২৮টি আবেদনের মধ্যে ১টি প্রক্রিয়াধীন। পিআরএল মঞ্জুরির ৩২টি আবেদনের ২টি প্রক্রিয়াধীন।<br>খ) প্রাপ্ত মোট ৫৮টি আবেদনের মধ্যে মাসান্তে ১৬টি পেন্ডিং আছে।<br>গ) মোট ১৬৭ টি জিপিএফ আবেদনের মধ্যে ২৪টি আবেদন সিস্টেমের ব্যালেন্স শীট, জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীণ আছে।<br>ঘ) প্রাপ্ত মোট ১০৬টি আবেদনের মধ্যে সিএএফও অফিসে প্রেরণ করা হয়েছে ৫৭টি। প্রক্রিয়াধীন আছে ৪৯টি আবেদন।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্টের অনাপত্তির ৯টি আবেদনের মধ্যে ২টি আবেদন প্রক্রিয়াধীন আছে। অর্জিত ছুটি (বহি: বাংলাদেশ) বিষয়ক ১৯টি আবেদনের মধ্যে ১টি আবেদন প্রক্রিয়াধীন। ছুটি বিষয়ক সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। | সেবা মনিটরিং কমিটি |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৪০

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব (রুটিন দায়িত্ব), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৩) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর
৪) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৫) অফিস কপি

মোঃ মফিজ উদ্দিন
পরিচালক